গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

নথি নম্বর: ০৮.০১.০০০০.০০১.০৬.০০৩.২৪/২৭৭

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

## 'অফিস সহায়ক' পদের মৌখিক পরীক্ষার নোটিশ

জাতীয় রাজস্ব বোর্ডের শুন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ৩০/০৫/২০২৫ খ্রিঃ তারিখ অফিস সহায়ক পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের **মৌখিক পরীক্ষা আগামী ৩১-০৫-২০২৫ খ্রিঃ** তারিখ শনিবার সকাল ১১:০০ ঘটিকা হতে সদস্য (বোর্ড প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে (কক্ষ নং-৫১৬) পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

০২। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদের এক সেট ফটোকপি সঙ্গে আনতে হবেঃ

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ;

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;

(ঘ) সকল কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/ প্রমাণক;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্রের কপি (Admit Card); এবং

(ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৩। লিখিত পরীক্ষার ফলাফল ও মৌখিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি আগামী ৩০/০৫/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার পর স্বল্পতম সময়ের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

২৭/৫/২৫
(মোঃ জাহিদ নেওয়াজ)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি

**বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (নোটিশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। নোটিশ বোর্ড।